

রেজিস্টার্ড মৎসি অ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বাংলাদেশ, জুন ১২, ১৯৯৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহানগরীয় সরকার, পাল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

মহানগরীয় সরকার বিভাগ

আইন-১

প্রজ্ঞাপন

তারিখ, ২৮শে জৈষ্ঠ ১৪০৪ বার/১১ই জুন ১৯৯৭ ইং

এস, আই, ও, নং ১২৬-আইন/১৭/স্থাসবি/আইন-১/আর-৩/৯৭—Chittagong City Corporation Ordinance, 1982 (XXXV of 1982) এর section 155 এ প্রদত্ত ক্ষমতাদলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রক্রিয়া করিব, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**—এই বিধিমালা চট্টগ্রাম সিটি সৌম্যনা পরিবর্তন বিধিমালা, ১৯৯৭ মাঝে অভিহিত হইবে।

২। **নংজ্ঞা**—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালার “সিটি” অথবা Chittagong City Corporation Ordinance, 1982 (XXXV of 1982)তে সংজ্ঞায়িত “City of Chittagong” বা “City”।

৩। **জোড় এলাকা সিটির অন্তর্ভুক্তিরণ**—সিটি সংস্থান কোর এলাকার অন্তর্ভুক্ত পার্শ্ব বর্ষক প্রদৰ্শ এবং অক্ষিজীবী হইলে সরকার উক্ত এলাকাকে, এই বিধিমালার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, সিটির অন্তর্ভুক্ত করিতে পারিবে।

৪। **গৱারিজান্সি**—(১) কাল্টনগ্রেট এলাকা বাতীত, সিটি সংস্থান কোর এলাকাকে সিটির অন্তর্ভুক্ত করিতে অথবা সিটির অন্তর্ভুক্ত কোর এলাকাকে সিটির বিহীন করিতে চাহিলে

(২০৫৩)

মূল্যঃ টাকা ১.০০

সরকার বিভাগীয় কমিশনারকে উক্ত এলাকার অধিবাসীগণের নিকট হইতে এই সম্পর্কে “পরামর্শ” বা আপত্তি আহবান করিয়া গণবিজ্ঞপ্তি জরুরী নিদেশ প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) অনুসারে যে গণবিজ্ঞপ্তি জারী করা হইবে উহাতে সংশ্লিষ্ট এলাকার মৌজা বা মৌজাসহের জে, এল, ন্যূন ও নামসহ সরকার কর্তৃর নির্দেশিত অন্যান্য তথ্যাদি উল্লেখ করিতে হইবে।

(৩) কোন গণবিজ্ঞপ্তি কয়েকটি বহুল পরিচিত প্রকাশ্য স্থানে বৃলাইয়া রাখিলে এবং ঢোল সহরত করিয়া উহার বিষয় সম্পর্কে এলাকাবাসীকে অবহিত করিলে উহা, এই বিধির উল্লেখ প্রৱন্ধকলে, জারী করা হইবাছে বাসিন্দা গণ হইবে।

(৪) উপ-বিধি (১) অনুসারে কোন গণবিজ্ঞপ্তি জারী করা হইলে, জারীর তারিখ হইতে দিনের মধ্যে সংশ্লিষ্ট এলাকার যে কোন অধিবাসী গণবিজ্ঞপ্তিতে উল্লেখিত বিষয়ে তাহার পরামর্শ বা আপত্তি বিভাগীয় কমিশনারের নিকট দাখিল করিতে পারিবেন।

৫। বিভাগীয় কমিশনার কর্তৃক তদন্ত অনুষ্ঠান।—(১) বিধি ৪ এর অধীন গণবিজ্ঞপ্তি জারীর প্রেক্ষিতে কোন পরামর্শ বা আপত্তি পাওয়া গোলে উহা প্রাপ্তির দশ দিনের মধ্যে বিভাগীয় কমিশনার উহার ব্যার্থতা তদন্ত করিয়া তাহার ঘৃতামতসহ সরকারের নিকট প্রতিবেদন পেশ করিবেন।

(২) উপ-বিধি (১) এর মধ্যে প্রতিবেদন প্রাপ্তির পর সরকার সংশ্লিষ্ট এলাকাকে সিটির অন্তর্ভুক্তকরণ বা বাহির্ভুক্তকরণ সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

৬। প্রজ্ঞাপন জারী।—বিধি ৫ এর অধীন সরকার কোন এলাকাকে সিটির অন্তর্ভুক্ত বা বাহির্ভুক্ত করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিলে, যে তারিখ হইতে উক্ত এলাকা সিটির অন্তর্ভুক্ত কিংবা বাহির্ভুক্ত হইবে তাহা উল্লেখ করিয়া সরকার সরকারী গেজেটে প্রজ্ঞাপন জারী করিবে।

৭। প্রজ্ঞাপন জারীর ফল।—বিধি ৬ এর অধীন প্রজ্ঞাপন জারীর প্রেক্ষিতে যদি কোন পৌরসভা বা ইউনিয়ন পুনর্গঠনের থারোজনীয়তা দেখা দেয়, তাহা হইলে সরকার উক্ত পৌরসভা বা ইউনিয়ন পুনর্গঠনসহ উহার কর্মচারী, সম্পদ এবং দারু-দারিদ্র বন্টন সম্পর্কে যেরূপ উপর্যুক্ত মনে করিবে সেইরূপ আদেশ প্রদান করিবে।

৮। রহিতকরণ।—The Declaration and Alterations of Municipalities Rules, 1978 চৃত্ত্বাম সিটির প্রতি প্রয়োগের ক্ষেত্রে এতদ্বারা রাখিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খনকার রেজাউর রহমান

উপ-সচিব (আইন)।

মুহাম্মদ নবিউল্লাহ ইসলাম, উপ-নিরবন্ধন, বাংলাদেশ সরকারী মুসলিমলয়, ঢাকা কর্তৃক মুদ্রিত

মোঃ সিকান্দর আলী মণ্ডল, উপ-নিরবন্ধন, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,

জেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।